গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, principalbbggc1948@gmail.com, www.bbggc.gov.bd
**College Code : 1400,EIIN NO : 108155**

# নোটিশ

বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক গ্রন্থপাঠ কার্যক্রমে যেসকল শিক্ষার্থীদের বই বিতরণ করা হয়েছে তাদের পরীক্ষা আগামী ১২/০৫/২০২৫ তারিখ সোমবার অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, গ্রন্থপাঠ কার্যক্রমে সফল শিক্ষার্থীদের মাঝে ১৩/০৫/২০২৫ তারিখ মঙ্গলবার পুরস্কার ও সনদপত্র প্রদান করা হবে।

বি:দ্র: পরীক্ষা গ্রহণের সময় পরবর্তী নেটিশের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৩০.০৪.২০২৫
(প্রফেসর তামান্না বেগম)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা

D.G.

# জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০

পিএবিএক্স (অটো): ২২৩৩৮৫৭৪৩, ২২৩৩৫০৫৮২ ফ্যাক্স: ২২৩৩৫২২১১

E-mail: office@jgk.gov.bd Web: www.jgk.gov.bd


## ধারণাপত্র

সমৃদ্ধ বাংলাদেশ গড়তে হলে মননশীল ও প্রজ্ঞাবান জনশক্তির কোনো বিকল্প নেই। কাঙ্ক্ষিত সেই মননশীল জাতি তথা আলোকিত মানুষ গড়ার প্রত্যয়ে বইবান্ধব সমাজ গঠনের লক্ষ্যে জাতীয় গ্রন্থকেন্দ্র বেসরকারি গ্রন্থাগারের পাঠক ও শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে দেশব্যাপী নানা আঙ্গিকে গ্রন্থপাঠ কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এছাড়া, সৃজনশীল গ্রন্থপাঠে উদ্বুদ্ধকরণে বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষ্যে ও বিশিষ্ট কবি/সাহিত্যিক/বিশিষ্টজন স্মরণে জাতীয় গ্রন্থকেন্দ্র নিয়মিতভাবে বিভিন্ন ধরনের পাঠকার্যক্রম গ্রহণ করে থাকে। শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক গ্রন্থপাঠ কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো-

| | | | |
|---|---|---|---|
| ১. | কার্যক্রমের নাম | : | শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক গ্রন্থপাঠ কার্যক্রম |
| ২. | লক্ষ্য ও উদ্দেশ্য | : | পাঠ্যপুস্তকের বাইরে সৃজনশীল গ্রন্থপাঠে শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণ |
| ৩. | আয়োজন ও বাস্তবায়নে | : | জাতীয় গ্রন্থকেন্দ্র |
| ৪. | অংশগ্রহণ ও সহযোগিতায় | : | বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা |
| ৫. | অংশগ্রহণকারীর সংখ্যা | : | ২০০ জন পাঠক/শিক্ষার্থী |
| ৬. | উদ্বোধনের তারিখ ও সময় | : | ১৩ এপ্রিল ২০২৫, সকাল ১২.০০টা |
| ৭. | নির্বাচিত গ্রন্থ | : | আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'চিলেকোঠার সেপাই' |
| ৮. | পাঠকের জন্য গ্রন্থটি পাঠের সময়কাল | : | তিন থেকে চার সপ্তাহ (অনিবার্যকারণে সময় কমবেশি হতে পারে) |

**পাঠ-উত্তর মূল্যায়ন পদ্ধতি:**

১. পরীক্ষা গ্রহণের সময়: ১.৩০ মিনিট।

২. পরীক্ষা গ্রহণ পদ্ধতি: এক কথায় উত্তর এবং রচনামূলক প্রশ্নোত্তর।

৩. মানবন্টন: মোট নম্বর ১০০। ২০টি এক কথায় প্রশ্নোত্তরের জন্য ২ নম্বর করে মোট ৪০ নম্বর। ৫/৬টি বর্ণনামূলক প্রশ্নের উত্তরের জন্য ১০/১২ নম্বর করে মোট ৬০ নম্বর।

৪. প্রক্রিয়া: শিক্ষার্থীদের গ্রন্থ প্রদানের তিন থেকে চার সপ্তাহের ব্যবধানে একটি পাঠ-উত্তর মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং পরীক্ষা গ্রহণের দিনই উত্তরপত্র মূল্যায়ন করে ফলাফল প্রস্তুত করা হবে। পরবর্তী কোনো সুবিধাজনক সময়ে সনদপত্র ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হবে।

৫. সনদপত্র ও পুরস্কার প্রদান: মূল্যায়নে মেধাক্রমে থাকা প্রথম ২০ জনকে পুরস্কার ও সনদপত্র প্রদান করা হবে। তন্মধ্যে প্রথম ৫ জন পাঠক/শিক্ষার্থীকে বিশেষ পুরস্কার প্রদান করা হবে।

জাতীয় গ্রন্থকেন্দ্রের শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক গ্রন্থপাঠ কার্যক্রমের কোনো বিষয়ে অস্পষ্টতা থাকলে বা যোগাযোগের প্রয়োজন হলে ফিল্ড অফিসার জনাব আফছানা আক্তার (০১৭১১-০৯১৬০৮)-এর সাথে যোগাযোগ করা যাবে।

Afsana Begum 10.04.25

(আফসানা বেগম)

পরিচালক